

একই স্মারক ও তারিখ ঠিক রেখে বিকল্প আদেশ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৫.৩১.২৫০.১৯.৪৩১৮/৬

তারিখ : ১৮/০৬/১৪২৬ বঙ্গাব্দ
০৩/১০/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন বেলকা ডিগ্রি কলেজের পরিসংখ্যান বিষয়ের প্রভাষক জনাব সাধন কুমার এর এমপিওভুক্তি।

সূত্র: কলেজের স্মারক নং-১০/বিডিসি-২০১৯, তারিখ: ০৯-০১-২০১৯খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন বেলকা ডিগ্রি কলেজের পরিসংখ্যান বিষয়ের প্রভাষক জনাব সাধন কুমার এর এমপিওভুক্তির জন্য অন-লাইনে আবেদন করা হয়। বিভিন্ন কারণ উল্লেখ করে বারবার আবেদন রিজেক্ট হওয়ায় বর্ণিত প্রভাষকের এমপিওভুক্তির নির্দেশনা কামনা করে কলেজটির অধ্যক্ষ আবেদন করেন।

কলেজটিতে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক উচ্চ মাধ্যমিক এবং জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ডিগ্রী পর্যায়ে পরিসংখ্যান বিষয়ের অনুমোদন আছে। পত্রিকায় পরিসংখ্যান বিষয়ে ২ জন প্রভাষক নিয়োগদানের জন্য বিজ্ঞাপন দেয়া হয়েছে। প্রভাষক (পরিসংখ্যান) পদের নিয়োগ পরীক্ষায় প্রথম হয়েছেন জনাব মো: রুহুল মান্নান খন্দকার এবং দ্বিতীয় হয়েছেন জনাব সাধন কুমার। উভয় শিক্ষক ৮/০৫/২০১৩খ্রি. তারিখে প্রভাষক(পরিসংখ্যান) পদে যোগদান করেন। বর্তমানে প্রভাষক (পরিসংখ্যান) পদে একজন শিক্ষক এমপিওভুক্ত। এজন্য প্রভাষক(পরিসংখ্যান) পদে উভয় শিক্ষকের এমপিওভুক্তির সুযোগ আছে।

এমতাবস্থায়, জনাব সাধন কুমার প্রভাষক(পরিসংখ্যান) এর নিয়োগ যথাযথ প্রক্রিয়ায় সম্পন্ন হলে এবং এমপিওভুক্তির সকল শর্ত যথাযথ থাকলে অন-লাইনের মাধ্যমে আবেদন করে এমপিও সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮/১০/১৯ ৭.10.19

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

বেলকা ডিগ্রি কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, বেলকা ডিগ্রি কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
- ৪। উপজেলা মাধ্যমিক অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ৫। জনাব সাধন কুমার, প্রভাষক(পরিসংখ্যান), বেলকা ডিগ্রি কলেজ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ৬। সংরক্ষণ নথি।